# AKASHVANI(AIR)

# RNU:KOLKATA

# BengaliText Bulletin

**Date 13-01-2026 Time: 1.40 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) পশ্চিমবঙ্গে নিপা ভাইরাসে আক্রান্ত হওয়ার দুটি ঘটনা শনাক্ত হওয়া এবং আরো কয়েকটি ঘটনার ইঙ্গিত পাওয়ার পর কেন্দ্র একটি দল পাঠিয়েছে।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৭ই জানুয়ারী রাজ্যে আসছেন।

৩) কেন্দ্রীয় সরকার রাজ্যের রেলের উন্নয়নে এগারো বছরে তিনগুণ বরাদ্দ বৃদ্ধি করেছে।

৪) আসন্ন বিধানসভা নির্বাচনের সময় প্রতিটি বুথের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার দাবিতে হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের বিজেপির।

৫) মকরসংক্রান্তির স্নানকে কেন্দ্র করে সাগরে এখন লক্ষাধিক পুন্যার্থীর ঢল।

৬) দক্ষিণ ২৪ পরগনার চম্পাহাটির হাড়ালে বেআইনি বাজি তৈরীর কারখানায় বিস্ফোরণের ঘটনায় মৃতের সংখ্যা বের হয়েছে দুই।

০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে নিপাহ ভাইরাসে আক্রান্ত হওয়ার দুটি ঘটনা শনাক্ত হওয়ায় এবং কয়েকটি ঘটনার ইঙ্গিত মেলার পর কেন্দ্রীয় সরকার রাজ্যে একটি যৌথ জাতীয় রোগ প্রতিরোধ দল পাঠিয়েছে। কল্যাণীর ‘অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেস’ AIIMS-এ তাঁদের নমুনা পজেটিভ আসে।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা এব্যাপারে গতকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে টেলিফোনে কথা বলেন। মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, তিনি গতকাল রাজ্যের মুখ্য সচিব এবং স্বাস্থ্য সচিবের সঙ্গে’ও কথা বলেন। পরিস্থিতি মোকাবিলা এবং রোগ ছড়িয়ে পড়া ঠেকাতে তিনি রাজ্যকে সবরকমের সহায়তার আশ্বাস দেন।

( বাইট- নাড্ডা)

উল্লেখ্য, রাজ্যে নীপা ভাইরাসে দুজন আক্রান্ত হওয়ার প্রেক্ষিতে মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী গতকাল নবান্নে জরুরী বৈঠক করেন। মুখ্যসচিব বলেন, উত্তর চব্বিশ পরগনার বারাসতে একটি বেসরকারি হাসপাতালে কর্মরত ঐ দুজন সেখানেই চিকিৎসাধীন।

তাদের চিকিৎসায় রাজ্য সরকার সব ধরনের সহায়তা করবে। রোগীরা কাদের সংস্পর্শে এসেছিলেন, তা' জানার চেষ্টা চলছে। পাশাপাশি পূর্ব বর্ধমান, উত্তর চব্বিশ পরগনা ও নদীয়া জেলাতে বাড়ানো হয়েছে নজরদারি।

বাদুড়-বাহিত এই রোগ প্রতিরোধে একটি মান্য কার্যবিধি তৈরির পাশাপাশি সাধারণ মানুষকে অযথা আতঙ্কিত না হয়ে সতর্ক থাকার আবেদন জানিয়েছেন তিনি। এজন্য খোলা হয়েছে দুটি হেল্পলাইন নাম্বার'ও।

oooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ১৭'ই জানুয়ারী শনিবার, পশ্চিমবঙ্গে আসছেন। এই সফরে তার একগুচ্ছ সরকারি প্রকল্পের উদ্বোধনের কর্মসূচী রয়েছে।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন, ঐদিন মালদায় প্রধানমন্ত্রী বেশ কয়েকটি ট্রেনের উদ্বোধন করবেন। এর মধ্যে রয়েছে হাওড়া ও অসমের কামাখ্যার মধ্যে বন্দে ভারত স্লিপার ট্রেন এবং বেশ কয়েকটি অমৃত ভারত এক্সপ্রেস।

পাশাপাশি তিনি একটি জনসভাতেও অংশ নিয়ে ভাষণ দেবেন। পরদিন ১৮ তারিখ হুগলীর সিঙ্গুরে'ও প্রধানমন্ত্রীর অপর একটি জনসভায় ভাষণ দেওয়ার কথা।

এদিকে, এই বন্দে ভারত স্লিপার ট্রেনের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গে রেল যাত্রার ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা হতে চলেছে।

oooooooooooooooooooo

কেন্দ্রীয় সরকার, **পশ্চিমবঙ্গে** রেলের উন্নয়নে একগুচ্ছ পদক্ষেপ নিয়েছে। ২০১৪ সালের পর এরাজ্যের জন্য রেলের বাজেট বরাদ্দ বাড়ানো হয়েছে তিন গুন। বর্তমানে রাজ্যে ৮৭ হাজার ৮০০ কোটি টাকার বেশি মূল্যের একাধিক রেল প্রকল্পের কাজ চলছে। গত এক দশকে রাজ্যে ১ হাজার ৩৬২ কিলোমিটার নতুন রেলপথ তৈরী হয়েছে। এরফলে, বিভিন্ন ব্যস্ত রেলপথে ট্রেন চলাচল আরো সুগম হয়েছে। বেশ কিছু রুটের ডবল লাইন রেল যোগাযোগ এবং কিছু রেল নেটওয়ার্কের গেজ রূপান্তরের ফলে নিরবচ্ছিন্ন রেল পরিষেবা দেওয়া সম্ভব হচ্ছে। এছাড়াও 'অমৃত ভারত' স্টেশনের

অধীনে পশ্চিমবঙ্গের ১০১টি স্টেশনের জন্য বরাদ্দ করা হয়েছে ৩ হাজার ৬০০ কোটি টাকা। এর মধ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পানাগড়, জয়চন্ডী পাহাড় এবং কল্যাণী ঘোষপাড়া স্টেশনের যাত্রী পরিষেবার উদ্বোধন করেছেন। তবে রাজ্য সরকারের সহযোগিতার অভাব এবং জমি অধিগ্রহনের সমস্যার ফলে কেন্দ্রীয় তহবিল এবং অনুমোদন থাকা সত্ত্বেও বহু প্রকল্প বন্ধ হয়ে রয়েছে। কেন্দ্রের পক্ষ থেকে বারংবার এই প্রকল্পগুলি চালু করার চেষ্টা করা হলেও, রাজ্যস্তরের ছাড়পত্র পেতে বিলম্ব হওয়ায় প্রকল্পগুলির সুফল থেকে সাধারণ মানুষ বঞ্চিত হচ্ছেন।

অন্যদিকে **অসমেও**, বিপুল বিনিয়োগ, আধুনিক প্রযুক্তি এবং যাত্রী কেন্দ্রীক দৃষ্টিভঙ্গীর কারণে ভারতীয় রেল, পরিকাঠামোগত রূপান্তর ঘটিয়েছে। ২০১৪ সালের পর থেকে ট্র্যাক সম্প্রসারণ, বিদ্যুতায়ন, স্টেশন পুনর্নির্মাণ, নিরাপত্তা উদ্যোগ এবং যাত্রী সুবিধাকে বিশেষভাবে অগ্রাধিকার দেওয়া হয়েছে। গত পাঁচ বছরে নির্মিত হয়েছে ৪১৬ কিলোমিটার নতুন রেলপথ। এর ফলে রাজ্যের গুরুত্বপূর্ণ অর্থনৈতিক এলাকাগুলির সঙ্গে প্রত্যন্ত অঞ্চলের যোগাযোগ বেড়েছে। বর্তমানে সেরাজ্যের রেল নেটওয়ার্ক, আড়াই হাজার কিলোমিটারের বেশী। ইতোমধ্যেই ৯৫ শতাংশ বিদ্যুতায়নের কাজ সম্পন্ন হয়েছে। বাকি মাত্র ১১৬ রুট- কিলোমিটারের কাজ প্রায় শেষের দিকে। অমৃত ভারত স্টেশনের অধীনে পুনর্গঠন করা হচ্ছে ৫০ টি স্টেশনকে।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫শে জানুয়ারি আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য চলতি মাসের ২৩ তারিখ পর্যন্ত পরামর্শ গ্রহণ করা হবে।

oooooooooooooooooo

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা * ভারতের প্রযুক্তিগত আত্ম নির্ভরতা * । মহাকাশ বিজ্ঞানী সব্যসাচী পালের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

ooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনের সময় প্রতিটি বুথের নিরাপত্তা ও সুরক্ষা সুনিশ্চিত করার দাবিতে হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করলেন বিজেপি রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য। নিরাপত্তা ব্যাবস্থা পর্যবেক্ষণ " সার্ভে" করার দায়িত্ব আগে যে সংস্থা "ম্যাকিনটোস বার্নের" উপর ছিল,তারা গত ৬ মাস আগে সেই দায়িত্ব ছেড়ে দিয়েছেন। তাই যাতে সেই দায়িত্ব দ্রুত কোন উপযুক্ত সংস্থার হাতে দেওয়া হয় সেই আর্জি জানিয়েছেন শমীক ভট্টাচার্য। রাজ্যের ৮৩ হাজার বুথের নিরাপত্তা সুনিশ্চিত করতেই এই আবেদন বলে জানিয়েছেন তিনি।

শমিক ভট্টাচার্য বলেন, "পশ্চিমবঙ্গের কোন ভোটই নিরামিষ হয়না।ভোটে কি হয় সবাই জানে।সিয়ারপিএফ বুথের বাইরে থাকে।সিসিটিভি ভেঙে দেওয়া হয়,সীমান্ত বর্তী প্রত্যেকটা জেলায় আজকে ডোমিসাইল সার্টিফিকেট দেওয়া হচ্ছে। বিহার, উত্তরপ্রদেশের সঅংগে আমাদের রাজ্যের পরিস্থিতি ভিন্ন।অবাধ, সুষ্ঠু নির্বাচন করতে গেলে কমিশন কে আলাদা কিছু করতে হবে।শুধু এসয়াইয়ার করলে হবে না।

oooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোণায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর গাড়িতে হামলার ঘটনায় পুলিশী নিষ্ক্রিয়তার বিরুদ্ধে সি বি আই তদন্ত চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। গত ১০-ই জানুয়ারী গড়বেতা থানা এলাকায় চন্দ্রকোণা মোড়ে তার কনভয়ে হামলার অভিযোগ ওঠে। বিজেপি-র পক্ষ থেকে অভিযোগ করা হয় শুভেন্দু অধিকারীকে হত্যার চেষ্টা করা হয়েছিল। এই ঘটনার সিবিআই তদন্তের দাবিতে কলকাতা হাইকোর্টে মামলা দায়েরের আবেদন করা হলে অনুমতি দেন বিচারপতি শুভ্রা ঘোষ।

অন্যদিকে, আগামী ১৬-ই জানুয়ারী একাধিক দাবিতে নবান্ন চত্বরে বিক্ষোভ অবস্থানের আবেদন নিয়ে মামলা দায়েরের অনুমতি দিয়েছেন বিচারপতি শুভ্রা ঘোষ। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির নেতৃত্বে, অবস্থানের অনুমতি চেয়ে আদালতের দৃষ্টি আকর্ষণ করেন বিজেপি নেতা বিধায়ক শঙ্কর ঘোষের আইনজীবী। আগামীকাল এই মামলার শুনানি।

oooooooooooooooooooo

সাগরমেলা জুড়ে শুরু হয়েছে মকর সংক্রান্তির মাহেন্দ্রক্ষণের চূড়ান্ত কাউন্টডাউন। পুণ্যলাভের মহেন্দ্র মুহূর্তের অপেক্ষায় সাগরতট জুড়ে জমে উঠেছে আধ্যাত্মিক আবহ। পুরোহিত থেকে শুরু করে পুজোর ডালা বিক্রেতা—সকলেই অধীর আগ্রহে অপেক্ষা করছে মাহেন্দ্রক্ষণের। বকনা গরু নিয়ে অপেক্ষায় মালিকেরা। আবহমান কাল থেকে চলে আসা বিশ্বাস অনুযায়ী, গরুর লেজ ধরে বৈতরণী পারের গো-দান করেই লক্ষ লক্ষ পুণ্যার্থী মোক্ষলাভের আশায় অংশ নেন।

তবে মাহেন্দ্রক্ষণের আগেই আজ ভোর থেকে লক্ষাধিক পুণ্যার্থী সাগর স্নানে নেমে পড়েছেন। স্নান শেষে কপিলমুনি আশ্রমের সামনে দেখা যাচ্ছে দীর্ঘ লাইন। প্রশাসনের তরফে ভিড় নিয়ন্ত্রণ ও নিরাপত্তায় বাড়তি নজরদারি ব্যবস্থা করা হয়েছে। আজ দিনভর আরও বিপুল সংখ্যক পুণ্যার্থীর আগমন ঘটবে বলে মনে করা হচ্ছে।

ঠান্ডা কিছুটা কমলেও ভোরের সাগরমেলা ছিল হালকা কুয়াশায় মোড়া। চারদিকে ভেসে আসছে হনুমান চল্লিশা, হরিনাম সংকীর্তন ও ভক্তিগীতির সুর। রাতের রঙিন আলোয় সেজে ওঠা মেলা সকালে নিয়েছে এক শান্ত, ভক্তিময় রূপ।

ooooooooooooooooooooo

হৃদরোগে আক্রান্ত উত্তরপ্রদেশের আগরা জেলার বাসিন্দা ৫৫ বছর বয়সি রমেশ চন্দ্রকে এয়ার অ্যাম্বুলেন্সে করে উন্নত চিকিৎসার জন্য কলকাতার এম আর বাঙ্গুর হাসপাতালে পাঠানো হয়েছে। প্রবল শ্বাসকষ্ট ও হৃদরোগজনিত সমস্যা নিয়ে গতকাল সকালে গঙ্গাসাগরের অস্থায়ী হাসপাতালে ভর্তি করা হয় তাঁকে। চিকিৎসকদের প্রাথমিক পর্যবেক্ষণের পর তাঁর শারীরিক অবস্থার দ্রুত অবনতি হওয়ায় উন্নত চিকিৎসার প্রয়োজন দেখা দেয়।এরপর গঙ্গাসাগর মেলার জরুরি পরিষেবার অধীনে এয়ারলিফটের সিদ্ধান্ত নেওয়া হয়। গঙ্গাসাগরের স্থায়ী হেলিপ্যাড ময়দানে জেলাশাসক অরবিন্দ কুমার মিনা, পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী, ডায়মন্ড হারবার জেলা স্বাস্থ্য

অধিকর্তা ডা. জয়ন্ত কুমার সকুলের উপস্থিতিতে প্রশাসনিক আধিকারিক, চিকিৎসক এবং হ্যাম রেডিওর সদস্যদের সহযোগিতায় অসুস্থ পুণ্যার্থীকে এয়ার অ্যাম্বুলেন্সে তোলা হয়।

প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, চলতি সাগরমেলায় এই নিয়ে এখনও পর্যন্ত তিন জন অসুস্থ পুণ্যার্থীকে এয়ার অ্যাম্বুলেন্সে করে কলকাতায় পাঠানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আজ রাজ্যের বহু জায়গায় সর্বনিম্ন তাপমাত্রা গতকালের থেকে আবার কিছুটা বেড়েছে। দক্ষিণবঙ্গে আজ সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রার রেকর্ড করা হয়েছে বাঁকুড়ায় ৯.৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে এক দশমিক ৭ ডিগ্রি কম। উত্তরবঙ্গের সমতলে কোচবিহারের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৮ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। তবে দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ তাপমাত্রা গতকালের থেকে উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পেয়েছে। সেখানে আজ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। মালদা জেলায় আজ সকালে মাঝারি কুয়াশা ছিল। আগামী কয়েক দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগণার চম্পাহাটির হাড়ালে বেআইনি বাজি কারখানায় বিস্ফোরণের ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়াল দুই। গত রবিবার গুরুতর জখম অবস্থায় মৃত্যু হয় গৌরহরি গঙ্গোপাধ্যায়ের। প্রায় ১শো শতাংশ অগ্নিদগ্ধ অবস্থায় এম আর বাঙুর হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তিনি। গতকাল পিয়ারলেস হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় আরও এক আহত, বিশ্বজিৎ মণ্ডলের। এই ঘটনায় আহত বাকি দু'জনের অবস্থাও আশঙ্কাজনক, তাঁরাও চিকিৎসাধীন রয়েছেন।

এদিকে, ঘটনার পর দু'দিন কেটে গেলেও এখনও পর্যন্ত কোনও অভিযুক্তকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। বিস্ফোরণের জেরে গোটা এলাকা কার্যত পুরুষশূন্য হয়ে পড়েছে। বাড়িতে রয়েছেন মূলত মহিলারা, তাঁরাও আতঙ্কিত। বারুইপুর থানার পুলিশের পক্ষ থেকে এলাকায় নিয়মিত নজরদারি চালানো হচ্ছে। বাজি কারখানার মালিক বিধান নস্করের বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে। অভিযুক্ত বর্তমানে পলাতক।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম বর্ধমানের আসানসোলের কালা পাথর এলাকায় ধূলো দূষনের জেরে জেরবার বাসিন্দারা।
তাদের অভিযোগ, এলাকায় পাথরের খনি ভরাটের পর তার উপর ছাই ফেলা হচ্ছে। সেই ছাই থেকেই উড়ছে সুক্ষ্ম ধূলো যা গোটা এলাকাকে গ্রাস করেছে। ঘরবাড়ি, রাস্তা, গাছপালা কোনো কিছুই রেহাই পাচ্ছে না। খাবার ও পানীয়ের মধ্যে ও তা মিশে যাচ্ছে । বাসিন্দারা শ্বাসকষ্ট, চর্মরোগ ও চোখের সমস্যা সহ নানান রোগে আক্রান্ত হচ্ছেন। দীর্ঘদিন ধরে ভোগান্তি চললেও প্রশাসন বা জনপ্রতিনিধিদের তরফে কোনো কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি।এই সমস্যার স্থায়ী সমাধান চেয়ে প্রশাসনের হস্তক্ষেপ দাবি করছেন স্থানীয়রা।

oooooooooooooooooooooo

কোচবিহার পুরসভার অস্থায়ী চেয়ারম্যান হলেন ৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর আমিনা আহমেদ। গত শনিবার কোচবিহার পৌরসভার চেয়ারম্যান পদ থেকে ইস্তফা দেন রবীন্দ্র নাথ ঘোষ, আজ বোর্ড মিটিং এ তার ইস্তফা গ্রহন করা হয়। আগামী ৭ দিন পর নতুন চেয়ারম্যান নির্বাচিত করা হবে। কতদিন ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে কাজ করবেন অমিনা আহমেদ।

oooooooooooooooooooo

oooooooooooooooooooooo